**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, অক্টোবর ১০, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ আশ্বিন ১৪১৭ বঙ্গাব্দ/৭ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৩৮-আইন/স্থাসবি/পৌর-১/৫বি-১৬/৯৩।**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা মেয়র ও কাউন্সিলরগণের বিশেষ সুবিধা, কর্তব্য ও দায়িত্বভার (মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী) বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **'আইন'** অর্থ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯;

(২) **'কাউন্সিলর'** অর্থ ধারা ২ (১৬) তে সংজ্ঞায়িত কাউন্সিলর;

(৩) **'মেয়র'** অর্থ পৌরসভার মেয়র;

(৪) **'ধারা'** অর্থ আইনের কোন ধারা।

৩। **পৌরসভার মেয়রের দায়িত্ব ও কর্তব্য ।—**আইনের বিধানাবলীকে ক্ষুণ্ণ না করিয়া মেয়র নিম্নবর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন, যথা ঃ—

(১) পৌরসভার দৈনন্দিন প্রশাসনিক কাজ পরিচালনা করা;

(২) পৌরসভার সকল সভায় সভাপতিত্ব করা এবং উহাতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

(৩) পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের তত্ত্বাবধান করা;

(৪) পৌরসভায় ন্যস্তকৃত সরকারি কর্মকর্তা-কর্মচারী ব্যতীত, পৌরসভার কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও তাহাদের বিরুদ্ধে, প্রয়োজনে, শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা;

(৫) পৌরসভায় বিভিন্ন কার্যাবলী সংক্রান্ত প্রস্তাব এবং প্রকল্প পরিষদের পক্ষে প্রস্তুত করিবার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা;

(৬) পৌরসভা সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;

(৭) ধারা ৪৮ এর বিধান সাপেক্ষে পৌরসভার নামে সম্পাদিত সকল চুক্তি স্বাক্ষর করা এবং একই ধারার বিধান অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

(৮) ধারা ৯৮ এবং তৃতীয় তফসিল এ উল্লিখিত কর, রেইট ইত্যাদি সাপেক্ষে, পৌরসভার আওতাধীন বিভিন্ন ব্যবসা, বৃত্তি ও পেশার উপর কর আরোপ করা এবং পৌরসভা কর্তৃক প্রদেয় লাইসেন্স ইস্যু করা;

(৯) ধারা ১১০ এবং চতুর্থ তফসিলের বিধান সাপেক্ষে এই আইনের অধীন অপরাধ সংক্রান্ত কোন অভিযোগ আপোষ নিষ্পত্তির লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;

(১০) পৌরসভার পক্ষে মামলা দায়ের ও পরিচালনা করিবার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

(১১) আইনের দ্বিতীয় তফসিলে নির্ধারিত পৌরসভার কার্যাবলী বাস্তবায়ন, বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কার্যাদির অগ্রগতি পর্যালোচনা করা;

(১২) আইনের অধীন প্রণীত বিধি দ্বারা তাঁহার উপর অর্পিত সকল বা যে কোন দায়িত্ব পালন করা;

(১৩) ধারা ৫১ এর বিধান সাপেক্ষে সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত সকল বা যে কোন কার্য সম্পাদন করা।

৪। **পৌরসভার কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য**।—আইনের বিধানাবলীকে ক্ষুণ্ণ না করিয়া কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ—

(১) পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হইয়া এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করা এবং সংশিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

(২) ধারা ৪০ এর বিধান **অনুযায়ী প্যানেলের অগ্রাধিকার অনুসারে** মেয়র এর অনুপস্থিতিতে পৌরসভার মেয়র হিসাবে দায়িত্ব পালন করা;

(৩) আইনের দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মধ্য হইতে পৌরসভার নিকট, সময়ে সময়ে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব পেশ বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করা, যথা ঃ—

(ক) শিক্ষা প্রসারের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ এবং উক্ত শিক্ষা বিষয়ক কর্মসূচিতে সহায়তা প্রদান বিষয়ক;

(খ) মাধ্যমিক শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে সংশিষ্ট প্রতিষ্ঠানগুলির কার্যক্রম তদারকী ও উহাদিগকে সহায়তা প্রদান বিষয়ক;

(গ) সন্ত্রাস, জঙ্গিবাদ, চুরি, ডাকাতি, চোরাচালান, মাদকদ্রব্য ব্যবহার ইত্যাদি অপরাধ সংঘটিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টিসহ জননিরাপত্তা সংক্রান্ত অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত;

(ঘ) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়নসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ সংক্রান্ত;

(ঙ) যুব, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজকল্যাণমূলক কার্যক্রমের ব্যাপক প্রসার এবং বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান সংক্রান্ত;

(চ) কৃষি এবং বনজ সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত;

(ছ) সরকার বা, ক্ষেত্রমত, মেয়র কর্তৃক সুনির্দিষ্টভাবে তাঁহার উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী নিষ্পন্নকরণ সংক্রান্ত।

৫। **পৌরসভার সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য।**—আইনের বিধানাবলীকে ক্ষুণ্ন না করিয়া সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা ঃ—

(১) পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হইয়া এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করা এবং সংশিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

(২) ধারা ৪০ এর বিধান **অনুযায়ী প্যানেলের অগ্রাধিকার অনুসারে** মেয়র এর অনুপস্থিতিতে পৌরসভার মেয়র হিসাবে দায়িত্ব পালন করা;

(৩) আইনের দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মধ্য হইতে পৌরসভার নিকট, সময়ে সময়ে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব পেশ বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করা, যথা ঃ—

(ক) স্বাস্থ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা ও মাতৃমঙ্গল সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে করণীয় ব্যবস্থাদি সম্পর্কিত;

(খ) স্যানিটেশন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন এবং সুপেয় পানীয় জলের সরবরাহ ব্যবস্থা সংক্রান্ত;

(গ) মহিলা ও শিশুদের সার্বিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে করণীয় ব্যবস্থা চিহ্নিতকরণসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং বাস্তবায়ন;

(ঘ) কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপন ও বিকাশের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত;

(ঙ) আত্ম-কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের জন্য নিজ উদ্যোগে কর্মসূচী গ্রহণ, বাস্তবায়ন এবং এতদ্‌সম্পর্কে সরকারি কর্মসূচি বাস্তবায়নে সরকারকে সার্বিক সহায়তা প্রদান সম্পর্কিত;

(চ) নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহ, ইত্যাদি রোধকল্পে ইহার বিরূপ প্রতিক্রিয়া সম্পর্কে জনমত সৃষ্টিসহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত;

(ছ) গবাদি পশু এবং মৎস্য সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত;

(জ) সমবায় সমিতি ও বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কাজ তদারকী করাসহ উহাতে সহায়তা প্রদান এবং উহাদের কাজে সমন্বয় সাধন সংক্রান্ত;

(ঝ) সমাজকল্যাণ ও জনহিতকরমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণসহ উক্ত কর্মকাণ্ড বাস্তবায়নকল্পে করণীয় ব্যবস্থাদি চিহ্নিতকরণ সংক্রান্ত;

(ঞ) সরকার বা ক্ষেত্রমত, মেয়র কর্তৃক সুনির্দিষ্টভাবে তাহার উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী নিষ্পন্নকরণ সংক্রান্ত।

৬। **পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের প্রাপ্য আর্থিক সুবিধাদি।**—(১) মেয়র ও কাউন্সিলরগণের আর্থিক সুবিধাদি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) **সম্মানী ভাতা ঃ**—

(অ) মেয়র ও কাউন্সিলরগণের মাসিক সম্মানী ভাতার হার হইবে নিম্নরূপ, যথা ঃ—

**টেবিল**

| ক্রমিক নং | পৌরসভার শ্রেণী | মেয়র | কাউন্সিলর |
|---|---|---|---|
| ১ | বিশেষ ও 'ক' শ্রেণী | ২০,০০০/- (বিশ হাজার) | ৫,০০০/- (পাঁচ হাজার) |
| ২ | 'খ' শ্রেণী | ১৫,০০০/- (পনের হাজার) | ৪,০০০/- (চার হাজার) |
| ৩ | 'গ' শ্রেণী | ১২,০০০/- (বার হাজার) | ৩,০০০/- (তিন হাজার) |

(আ) মেয়র বা কোন কাউন্সিলর ফৌজদারী অপরাধে অভিযুক্ত হইলে, এতদ্‌সম্পর্কিত আইনের বিধানাবলী সাপেক্ষে, তিনি উক্ত সময়ের সম্মানী ভাতা উত্তোলন করিতে পারিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, মেয়র বা কাউন্সিলর তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ হইতে অব্যাহতি পাইলে বা বেকসুর খালাসপ্রাপ্ত হইলে তিনি সমুদয় অর্থ বকেয়া হিসাবে উত্তোলন করিতে পারিবেন।

(খ) **ভ্রমণ ভাতা ঃ—**

মেয়র বা কাউন্সিলর সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তার জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণক্রমে **সরকার নির্ধারিত হারে** ভ্রমণ ভাতা প্রাপ্য হইবেন।

(গ) **দায়িত্বভার ভাতা ঃ—**

মেয়রের অনুপস্থিতির কারণে **দায়িত্ব পালনকারী প্যানেল মেয়র** দায়িত্ব ভাতা হিসাবে প্রথম ছয় মাসের জন্য মাসিক ১০০০ (এক হাজার) টাকা হারে এবং পরবর্তী সময়ের জন্য মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে দায়িত্বভার ভাতা প্রাপ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, তাঁহার দায়িত্বভার ১ (এক) মাসের অধিক না হইলে তিনি দায়িত্বভার ভাতা প্রাপ্য হইবেন না।

(২) সরকার, সময়ে সময়ে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উপবিধি-(১) এ উলিখিত মাসিক সম্মানী ভাতা ও দায়িত্বভার ভাতার পরিমাণ পুনঃনির্ধারণ করিতে পারিবে।

৭। **মেয়র ও কাউন্সিলরগণের প্রাপ্য আর্থিক সুবিধাদির ব্যয় নির্বাহ।**—বিধি ৬ এ উলিখিত মেয়র ও কাউন্সিলরগণের প্রাপ্য আর্থিক সুবিধাদি সংশিষ্ট পৌরসভার রাজস্ব তহবিল হইতে নির্বাহ করা হইবে।

৮। **বিশেষ বিধান।**—মেয়র ও কাউন্সিলর নির্বাচন পরবর্তী দায়িত্বভার গ্রহণের তারিখ হইতে পৌরসভার রাজস্ব তহবিলে অর্থ থাকা সাপেক্ষে, এই বিধিমালা কার্যকর হইবার তারিখ পর্যন্ত বিধি ৬ এ নির্ধারিত হারে সম্মানী ভাতা বকেয়া হিসাবে উত্তোলন করিতে পারিবেন।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা প্রবর্তনের সংগে সংগে ইতিপূর্বে জারিকৃত The Paurashava (Payment of Honorarium to Chairman and Commissioners) Rules, 1985 রহিত বলিয়া গণ্য হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত বিধির অধীন কোন কার্যাদি অনিষ্পন্ন থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করা হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর হোসেন**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd